সমালোচনার মুখে দেশে ফিরেছেন স্বাস্থ্যমন্ত্রী

সারা দেশে মহামারী আকার ধারণ করেছে ডেঙ্গু। এ পরিস্থিতিতে সরকার স্বাস্থ্য বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের ঈদের ছুটি বাতিল করেছে। তবে এরই মধ্যে সপরিবারে মালয়েশিয়া সফরে গিয়েছিলেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। এ নিয়ে সমালোচনার ঝড় বইছে।

সামাজিক যোগাযোগমাধ্যমসহ সর্বত্র সমালোচনার মধ্যে বুধবার রাতেই দেশে ফিরেছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালিক। সফর সংক্ষিপ্ত করতে বাধ্য হন মন্ত্রী।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মাইদুল ইসলাম জানান, আজ ডেঙ্গু পরিস্থিতি নিয়ে জরুরি সংবাদ সম্মেলন করবেন তিনি। দুপুর ২টায় সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে।

এর আগে বৃহস্পতিবার সকালে তিনি মিটফোর্ড হাসপাতালে ডেঙ্গু রোগীদের জন্য একশ’ শয্যার একটি নতুন ওয়ার্ড উদ্বোধন করেন।

প্রসঙ্গত ডেঙ্গুর কারণে রাষ্ট্রীয় দুর্যোগে ব্যক্তিগত ভ্রমণে মালয়েশিয়ায় যান স্বাস্থ্যমন্ত্রী। সেখান থেকে ৪ আগস্ট দেশে ফেরার কথা ছিল। গত কয়েক দিন এ নিয়ে বিভিন্ন মহলে সমালোচনার ঝড় বইছে। এ কারণে বুধবার রাতেই দেশে ফেরেন তিনি।

মন্ত্রীর এ সফর নিয়ে বিভিন্ন গণমাধ্যমে যে খবর রয়েছে, সে প্রসঙ্গে বুধবার কথা বলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, কে দেশে কে বিদেশে তা বিষয় নয়, ডেঙ্গু মোকাবেলায় কাজ হচ্ছে কিনা সেটিই মুখ্য বিষয়। এ সময় রাষ্ট্রীয় এই দুর্যোগে স্বাস্থ্যমন্ত্রীর মালয়েশিয়া সফর নিয়ে কাদের বলেন, কারও ব্যক্তিগত বিষয় নিয়ে মন্তব্য করতে চাই না।

প্রসঙ্গত মঙ্গলবার ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ্যমন্ত্রীর অনুপস্থিতিতে স্বাস্থ্য বিভাগের সব কর্মকর্তার ছুটি বাতিলের সিদ্ধান্ত নেয় মন্ত্রিপরিষদ বিভাগ।

এবার মশাবাহিত ডেঙ্গুজ্বর ভয়ানক রূপ নিয়ে ছড়িয়ে পড়ায় সরকারের

পক্ষ থেকে নানা পদক্ষেপ নেয়া হলেও স্বাস্থ্যমন্ত্রীর অনুপস্থিতি অনেকের মনেই প্রশ্ন তৈরি করে।

তিনি মালয়েশিয়ায় পরিবার নিয়ে সফরে গেছেন- এ খবর চাউর হওয়ার পর সামাজিক যোগাযোগ মাধ্যমে চলছে সমালোচনা।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে মন্ত্রীর সফর নিয়ে স্পষ্ট কিছু না জানানোয় বিভ্রান্তি আরও বাড়ে।